



বিজ্ঞপ্তিটি সম্পূর্ণ পড়ার জন্য
অনুরোধ করা হলো।

ঢাকা বিশ্ববিদ্যালয়

২০২২ সনের স্নাতক (সম্মান) পরীক্ষার ফলাফলের উপর বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীদের আবেদন সংক্রান্ত অতি জরুরী বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের শর্তাবলী অনুযায়ী ঢাকা বিশ্ববিদ্যালয়ে ২০২২ সনের স্নাতক (সম্মান) পরীক্ষার ফলাফলের উপর ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে স্নাতকোত্তর শ্রেণিতে অধ্যয়নরত সরকারি মেধাবৃত্তি ও সরকারি সাধারণ বৃত্তিপ্রাপ্ত (অনুষদ ভিত্তিক বিভাগওয়ারী) শিক্ষার্থীদের নামের তালিকা বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে প্রকাশ করা হয়েছে (কপি সংযুক্ত)। **বৃত্তিপ্রাপ্ত সকল শিক্ষার্থীরা ১৩/০২/২০২৫ তারিখ (সকাল ৯.০০টা) হতে ২৪/০২/২০২৫ তারিখ (রাত-১২.০০টা) পর্যন্ত ঢাকা বিশ্ববিদ্যালয়ের বৃত্তির ওয়েবসাইটে (<https://studentscholarship.du.ac.bd/>) গিয়ে অনলাইনে বৃত্তির আবেদন করতে পারবে। অনলাইন আবেদনের বিস্তারিত নির্দেশনা উক্ত ওয়েবসাইটে উল্লেখ রয়েছে।**

২০২২ সনের স্নাতক (সম্মান) পরীক্ষার ফলাফলের উপর বৃত্তিপ্রাপ্ত সকল শিক্ষার্থীদের (সংযুক্ত তালিকা অনুযায়ী) উক্ত তারিখের মধ্যে ঢাকা বিশ্ববিদ্যালয়ের বৃত্তির ওয়েবসাইটে গিয়ে বাধ্যতামূলক অনলাইনে আবেদন করতে হবে। নিম্নোক্ত নির্দেশনা অনুযায়ী আবেদন না করলে বৃত্তিপ্রাপ্ত শিক্ষার্থীরা বৃত্তির টাকা পাবে না।

বৃত্তির টাকা উত্তোলনের জন্য শিক্ষার্থীর নিজ নামে অনলাইন সুবিধাসম্পন্ন ১৩-১৭ ডিজিটের ব্যাংক একাউন্ট থাকতে হবে। ব্যাংক একাউন্ট না থাকলে, অনতিবিলম্বে তফসিলভুক্ত অনলাইন সুবিধাসম্পন্ন যে কোন ব্যাংকে একাউন্ট খুলতে হবে। ব্যাংক হিসাব ব্যতীত অন্য কোন পদ্ধতিতে বৃত্তির অর্থ প্রেরণ/উত্তোলন করা সম্ভব হবে নয়। **বিকাশ, নগদ ও রকেটসহ যেকোনো মোবাইল ব্যাংকিং গ্রহণযোগ্য নয়।**

শিক্ষার্থীদের বৃত্তির আবেদনের ক্ষেত্রে নিম্নবর্ণিত নির্দেশাবলী অনুসরণীয় :

- ১। বাংলাদেশের অনলাইন সুবিধাসম্পন্ন তফসিলভুক্ত যে কোন ব্যাংকে অবশ্যই শিক্ষার্থীর নিজ নামে ব্যাংক হিসাব থাকতে হবে।
- ২। শিক্ষার্থীর নাম ও অনলাইন ব্যাংক হিসাবের নাম একই হতে হবে। শিক্ষার্থীর নামের ব্যাংক হিসাব নম্বর ব্যতীত অন্য কোন ব্যাংক হিসাব গ্রহণযোগ্য নয়।
- ৩। শিক্ষার্থীর একক একাউন্ট নম্বর ব্যতীত পিতা/মাতা/অন্য কারো ব্যাংক হিসাব প্রদান করা যাবে না।
- ৪। অনলাইন ব্যাংক হিসাব নম্বর অবশ্যই ১৩-১৭ (হাইফেন/ডট ইত্যাদি চিহ্ন ব্যতীত) ডিজিটের মধ্যে হতে হবে এবং সঠিক ও নির্ভুলভাবে পূরণ করতে হবে।
- ৫। শিক্ষার্থীর পরীক্ষার আইডি/ রেজিস্ট্রেশন নম্বর, পরীক্ষার নাম, সন ও প্রাপ্ত CGPA সঠিকভাবে পূরণ করতে হবে।
- ৬। বৃত্তির ক্যাটাগরি (মেধা/ সাধারণ) সঠিকভাবে পূরণ করতে হবে।
- ৭। ব্যাংকের নাম, শাখার নাম, রাউটিং নম্বর এবং শিক্ষার্থীর ব্যাংক হিসাব নম্বর সঠিকভাবে পূরণ করতে হবে।
- ৮। ব্যাংক হিসাবটি অবশ্যই বর্তমানে সচল (Active) থাকতে হবে।

বৃত্তির আবেদনের ক্ষেত্রে Sign up করার সময় প্রত্যেক শিক্ষার্থী তাদের স্ব স্ব বিভাগ/ ইনস্টিটিউট থেকে প্রাপ্ত ই-মেইল ঠিকানা অবশ্যই ব্যবহার করতে হবে। অন্যথায় বৃত্তির আবেদন করতে পারবে না।

অনলাইনে বৃত্তির আবেদন সংক্রান্ত সমস্যা হলে যোগাযোগের জন্য- 01581-846500 (শুধুমাত্র অফিস চলাকালীন সময়ে সকাল-৯.০০টা থেকে বিকাল-৪.০০টা পর্যন্ত)

বিঃ দ্রঃ ২০২২ সনের স্নাতক (সম্মান) পরীক্ষার ফলাফলের উপর ২০২২-২০২৩ শিক্ষাবর্ষে স্নাতকোত্তর শ্রেণিতে অধ্যয়নরত শিক্ষার্থীদের মধ্যে যারা সরকারি মেধাবৃত্তি ও সাধারণ বৃত্তি পেয়েছেন কেবল তারা অনলাইনে আবেদন করবেন।

স্বাক্ষরিত/-

ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৫)
ঢাকা বিশ্ববিদ্যালয়

স্মারক নং রেজিঃ/শিক্ষা-৫/২০৭(খ)/৫৬৪৯৬-সি

তারিখ: ২৯/১০/১৪৩১
১২/০২/২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হলো:

- ১। ডিন, সকল অনুষদ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
 - ২। প্রভোস্ট, সকল হল, ঢাকা বিশ্ববিদ্যালয়।
 - ৩। চেয়ারম্যান, সকল বিভাগ, ঢাকা বিশ্ববিদ্যালয়।
 - ৪। পরিচালক, সকল ইনস্টিটিউট, ঢাকা বিশ্ববিদ্যালয়।
 - ৫। পরিচালক, আইসিটি (তথ্য ও যোগাযোগ প্রযুক্তি) সেল, ঢাকা বিশ্ববিদ্যালয়।
- (বিশ্ববিদ্যালয়ের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)**
- ৬। পরিচালক, জনসংযোগ দপ্তর, ঢাকা বিশ্ববিদ্যালয়।

২৯/১০/১৪৩১
১২/০২/২০২৫

ডেপুটি রেজিস্ট্রার (শিক্ষা-৫)
ঢাকা বিশ্ববিদ্যালয়